



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৫৪

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
২০ নভেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৬৬তম কমিশন সভা অদ্য ২০/১১/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. ইতোপূর্বে ৬৪২তম কমিশন সভায় Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 এর খসড়া অনুমোদিত হয়। কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী এ খসড়াটির উপর জনমত যাচাই এর নিমিত্তে জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। এ প্রেক্ষিতে প্রাপ্ত জনমত যাচাই বাছাইপূর্বক Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 এর উপর কতিপয় পরিবর্তন ও পরিমার্জন সাপেক্ষে সভায় চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়। যা অতি শীঘ্রই বাংলাদেশ গেজেটে প্রকাশিত হবে।
২. এ,এম, সিকিউরিটিজ অ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিঃ তাদের জুন ৩০, ২০১৭ সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন কমিশনে যথাসময়ে দাখিল না করে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১৩(৪) ভঙ্গ করেছে। উক্ত আইন লংঘনের জন্য কমিশন এ,এম, সিকিউরিটিজ অ্যান্ড ফিন্যান্সিয়াল সার্ভিসেস লিঃ -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৩. মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের ক্ষেত্রে মূল্যহ্রাস জনিত ক্ষতির বিপরীতে প্রতিশন সংরক্ষণ সংক্রান্ত যে সুবিধা আর্থিক প্রতিষ্ঠান ও মিউচুয়াল ফান্ডসমূহ পেয়ে থাকে, মার্চেন্ট ব্যাংকের আবেদনের প্রেক্ষিতে, মার্চেন্ট ব্যাংকসমূহকেও প্রতিশন সংরক্ষণ সংক্রান্ত অনুরূপ সুবিধা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে শীঘ্রই একটি নির্দেশনা জারি করা হবে।

উক্ত নির্দেশনার অন্যান্য বিষয়ের মধ্যে এখন থেকে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণে প্রতিশন সংরক্ষণ করা যাবেঃ

(ক) মেয়াদী (Closedend) মিউচুয়াল ফান্ড এ বিনিয়োগের ক্ষেত্রে:

সংরক্ষিতব্য প্রতিশন = [মেয়াদী মিউচুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য - চলতি বাজার মূল্যে নীট সম্পদ মূল্যের ৮৫% (NAVcmp \* 85%)]

(খ) বে-মেয়াদী (Openend) মিউচুয়াল ফান্ড এ বিনিয়োগের ক্ষেত্রে:

সংরক্ষিতব্য প্রতিশন = [বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মূল্য - বে-মেয়াদী ইউনিটের পুনঃক্রয় মূল্য (NAVcmp এর সর্বোচ্চ ৫% ডিসকাউন্ট)]

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।